

প্রকৃত ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন করা হবে: আনিসুল হক

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



কড়াইল বস্তির অগ্নিকাণ্ডে প্রকৃত ক্ষতিগ্রস্তদের শনাক্ত করে পুনর্বাসন করা হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। আজ শুক্রবার দুপুরে বস্তিসংলগ্ন পল্লীবন্ধু এরশাদ বিদ্যালয়ের মাঠে তিনি এ কথা জানান। মেয়র বলেন, ক্ষতির পরিমাণ সম্পর্কে অনেকে অনেক কথাই বলছেন। কিন্তু ফায়ার সার্ভিস আরেক কথা বলছে।

সিটি কর্পোরেশনসহ সাত-আটটি এনজিও গণনার কাজ শুরু করেছে।

প্রকৃতপক্ষে কয়টা দোকান বা বাড়ি পুড়েছে তা বের করার কাজ চলছে।

প্রকৃত ক্ষতিগ্রস্তদের শনাক্ত করে তাদের পুনর্বাসন করা হবে।

অতীতে অনেকবার আগুন লাগার পর ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন করা হয়েছে

উল্লেখ করে তিনি বলেন, অতীতে পুড়ে যাওয়ার পর তাদেরকে টিনের ঘর

করে দেওয়া হয়েছে।

সে অনুযায়ী এবারো তাদের ঘর তৈরি করে দেওয়া হবে। এরশাদ স্কুলের মাঠে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে খাওয়ার ব্যবস্থা করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, বিভিন্ন জায়গা থেকে আর্থিক সাহায্য নিয়ে ক্ষতিগ্রস্তদের জন্য খাওয়ার ব্যবস্থা করা হয়েছে। যতোদিন সম্ভব এখানে তাদের খাওয়ার ব্যবস্থা থাকবে।

কেউ পরিকল্পিতভাবে আগুন লাগিয়ে দিয়েছে কী না? জানতে চাইলে মেয়র বলেন, এভাবে পরিকল্পিতভাবে আগুন লাগানো যায় কী না তা আমার জানা নেই।

এটা কোনভাবেই বিশ্বাসযোগ্য না। কারণটা ফায়ার সার্ভিসই খুঁজে বের করবে। সরু রাস্তার কারণে বস্তিতে ফায়ার সার্ভিসের গাড়ি প্রবেশে সমস্যা প্রসঙ্গে তিনি আরো বলেন, বস্তিবাসী যারা এখানে ঘর তোলে, তাদের জন্য থাকাকাটাই গুরুত্বপূর্ণ, তাদের কাছে রাস্তাটা গুরুত্বপূর্ণ না।